# শ্যামনগর উপজেলা পরিষদের মে'২০২১ মাসের সভার কার্যবিবরণী

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

সভার সভাপতি ঃ জনাব এস.এম.আতাউল হক চেয়ারম্যান
উপজেলা পরিষদ,শ্যামনগর, সাতক্ষীরা।

তারিখ ও সময় ঃ ২৭.০৫.২০২১ খ্রিঃ, সকাল- ১০.০০ টা।

স্থান ঃ Zoom Clouding meeting

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা-পরিশিষ্ট-''ক'' দ্রষ্টব্যঃ**

| ক্রঃ নং | আলোচ্য সূচী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১. | গত সভার কার্যবিবরণী দৃঢ়করন | সভার শুরুতে সভাপতি Zoom Clouding meeting এ অংশগ্রহনকৃত অদ্য মাসিক সভার সকল সদস্যকে শুভেচ্ছা জানান। তিনি বলেন যে, বর্তমান সময়ে মহামারি করোনা ভাইরাসের জন্য উপজেলা পরিষদের মাসিক সভা Zoom Clouding meeting এর মাধ্যমে আহবান করা হয়েছে। Zoom Clouding meeting এ সভা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য তিনি উপজেলা নির্বাহী অফিসারকে বিশেষ ধন্যবাদ জ্ঞাপন করেন। অতঃপর তিনি সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন।<br>উপজেলা নির্বাহী অফিসার সভার শুরুতে মুজিববর্ষের শুভেচ্ছা জানিয়ে গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং উহা অনুমোদনের জন্য সভায় মতামত আহবান করেন। | সকল আলোচনা ও সিদ্ধান্ত মোতাবেক কার্য বিবরণী প্রস্তুত হওয়ায় Zoom Clouding meeting এ অংশগ্রহনকৃত সকল সদস্য গত সভার কার্যবিবরনী সর্বসম্মতভাবে দৃঢ়করন হয়। | উপজেলা নির্বাহী অফিসার |

**২. | আয়, ব্যয় (রাজস্ব-উন্নয়ন, এডিপি) | বাস্তবায়নে: উপজেলা নির্বাহী অফিসার**

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় বলেন যে, উপজেলা পরিষদের দক্ষিন পশ্চিম পার্শ্বে সীমানা প্রাচীর নির্মান করা প্রয়োজন। এছাড়া উপজেলা পরিষদের অভ্যন্তরে পুকুরের প্লাসাইডিং সহ অভ্যন্তরীন ড্রেন সংস্কার করার জন্য উপজেলা প্রকৌশলীকে প্রাক্কলন করতে বলা হলে উপজেলা প্রকৌশলী বিধি মোতাবেক প্রাক্কলন প্রস্তুত করেছেন। উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে প্রকল্পগুলি বাস্তবায়ন করতে হলে স্থানীয় সরকার বিভাগের পূর্বানুমতি প্রয়োজন। তিনি সভায় প্রকল্পগুলি উপস্থাপন পূর্বক সকলের মতামত প্রদানের জন্য অনুরোধ করেন।

| ক্রঃ নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত মূল্য |
|---|---|---|
| ১. | উপজেলা পরিষদর দক্ষিণ পশ্চিম পার্শ্বে সীমানা প্রাচীর নির্মান | ৬,৯৫,৭৫০/- |
| ২. | উপজেলা পরিষদের অভ্যন্তরে পুকুরের প্লাসাইডিং নির্মান | ৭,১৬,৫২৪ |
| ৩. | উপজেলা পরিষদের অভ্যন্তরে ড্রেন সংস্কার | ১,১৮,৩২৩/- |

**সিদ্ধান্ত** : সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপজেলা পরিষদের অভ্যন্তরীন নিরাপত্তা নিশ্চিত করতে উল্লেখিত প্রকল্পগুলি বাস্তবায়নের জন্য সর্ব্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। স্থানীয় সরকারের পূর্বানুমোদন গ্রহন পূর্বক প্রকল্পগুলি উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে বাস্তবায়নের জন্য সর্ব্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

৩. উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান ১% অর্থায়নে নিমোক্ত প্রকল্পগুলি বাস্তবায়নের জন্য প্রস্তাবনা পাওয়া গেছে।

| ক্রঃ নং | প্রকল্পের নাম | বরাদ্দের পরিমান (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | ঈশরীপুর ইউনিয়নে বংশীপুর শহীদ মিনারের টাইলস করন (অংশ-১) | ২,০০,০০০/- | ১% |
| ২. | ঈশরীপুর ইউনিয়নে বংশীপুর শহীদ মিনারের টাইলস করন (অংশ-২) | ২,০০,০০০/- | |

**সিদ্ধান্ত** : সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপরোক্ত প্রকল্পগুলি যথাযথ বিধি অনুসরন পূর্বক বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।

৩. উপজেলা নির্বাহী অফিসার বলেন উপজেলা পরিষদ চত্ত্বরে আম্ফানে ক্ষতিগ্রস্থ দুইটা গাছ কর্তন করা প্রয়োজন।

**সিদ্ধান্ত** : প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা সামাজিক কর্মকর্তার দৃষ্টি আর্কষন করা হয়।

**২. | ২০২০-২১ অর্থ বছরে এডিপি/ উন্নয়ন প্রকল্প**

১. উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, ২০২০-২১ অর্থ বছরে এডিপির ২২.০০ লক্ষ টাকার বিশেষ বরাদ্দ পাওয়া গেছে। বাস্তবায়নের লক্ষে অনুমোদনের জন্য প্রকল্প তালিকা সভায় উপস্থাপন করেন।

| ক্রঃ নং | প্রকল্প তালিকা | প্রস্তাবিত বাজেট | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | ভুরুলিয়া ইউনিয়নে ইছাকুড় বিসি হতে জাহাজঘাটা শাহী মসজিদ রোড প্লাসাইডিং করন (৩৫মিটার) | ২৪৮০০০ | টেন্ডার |
| ২. | কাশিমাড়ী ইউনিয়নে ৪নং ওয়ার্ডে আশরাফ ঢালীর বাড়ীর পাশে ইউ ড্রেন নির্মান | ১২০০০০ | টেন্ডার |
| ৩. | শ্যামনগর নকিপুর মাংশের বাজার সেড নির্মান | ২০০০০০ | টেন্ডার |
| ৪. | শ্যামনগর টেকনিক্যাল এন্ড বিএম কলেজের সংযোগ নির্মান (সড়ক ইটের সোলিং) | ১০০০০০ | টেন্ডার |
| ৫. | নূরনগর ইউনিয়নে সৈয়দাল্লিপুর হতে হরিনাগাড়ী অভিমুখে সোলিং রাস্তা | ১৫০০০০ | টেন্ডার |
| ৬. | কৈখালী ইউনিয়নে পূর্ব পরানপুর সাগরের বাড়ী হতে পরানপুর পিচের রাস্তার অভিমুখে সোলিং রাস্তা | ২০০০০০ | টেন্ডার |

| | | | |
|---|---|---|---|
| ৭. | রমজাননগর ইউনিয়নে আরশাদ আলী মাধ্যমিক বিদ্যালয় শহীদ মিনার নির্মান | ২৫০০০০ | টেন্ডার |
| ৮. | মুন্সিগঞ্জ ইউনিয়নে মথুরাপুর হরিদাস কর্মকারের বাড়ী হতে কদমতলা পরিমলের বাড়ীর অভিমুখে রাস্তা সংস্কার | ১৫০০০০ | টেন্ডার |
| ৯. | ঈশ্বরীপুর ইউনিয়নে খ্যাগড়াঘাট শামসুর মোড়লের বাড়ী হতে খ্যাগড়াঘাট সরকারী প্রাথমিক বিদ্যালয় অভিমুখে রাস্তা সোলিং করন (৬ফুট) | ২৫০০০০ | টেন্ডার |
| ১০. | বুড়িগোয়ালিনী ইউনিয়নে খাসকাটা আরশাদ মেম্বরের বাড়ী হতে আফজাল মোঘলের বাড়ীর অভিমুখে সোলিং রাস্তা করন | ১৫০০০০ | টেন্ডার |
| ১১. | আটুলিয়া ইউনিয়নে মধ্যম ছোট কুপোট মোকছেদ গাজীর বাড়ী হতে আলাউদ্দীন গাজীর বাড়ীর অভিমুখে সোলিং রাস্তা করন | ১৫০০০০ | টেন্ডার |
| ১২. | পদ্মপুকুর ইউনিয়নে পাখিমারা হতে গড়কুমারপুর বাজার অভিমুখে রাস্তা সংস্কার | ১৫০০০০ | টেন্ডার |
| ১৩. | গাবুরা ইউনিয়নে জেলেখালী রেবতী মেম্বরের বাড়ী হতে জেলেখালী মন্দির অভিমুখে সোলিং রাস্তা নির্মান | ১৯২০০০ | টেন্ডার |
| | সর্বমোট | ২৩১০০০০ | |

**সিদ্ধান্ত** : বিস্তারিত আলোচনা শেষে ২০২০-২১ অর্থ বছরে বাস্তবায়নের জন্য বর্নিত প্রকল্পগুলি সর্ব্বসম্মতিক্রমে অনুমোদন গৃহিত হলো।

| | | | | |
|---|---|---|---|---|
| ৩. | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | ১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় বলেন যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পে কোন উপজেলা নির্বাচিত হলে মোট ৫০.০০ লক্ষ টাকা প্রদান করেন। তার মধ্যে আবশ্যিকভাবে ১০.০০ লক্ষ টাকার সক্ষমতাবৃদ্ধিমূলক বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়নের নির্দেশনা থাকে। উপজেলা পরিষদের ১৭টি কমিটি হতে প্রশিক্ষণসমূহের প্রস্তাবনা প্রেরণ করেন। সেগুলি যাচাই বাছাই করে চুড়ান্ত অনুমোদনের জন্য উপজেলা পরিচালন এবং উন্নয়ন প্রকল্পের অফিসে প্রেরণ করতে হয়। পরবর্তীতে প্রকল্পের নির্দেশনা মোতাবেক প্রশিক্ষণগুলি বাস্তবায়ন করতে হয়। উপজেলা পরিচালন এবং উন্নয়ন প্রকল্পের নিযুক্ত ইউডিএফ এ সকল কাজের তদারকি করেন। বাকী ৪০.০০ লক্ষ টাকার অবকাঠামো উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়নের জন্য নির্দেশনা থাকে। চলতি পর্যায়ে বাধ্যতামূলকভাবে ১০.০০ লক্ষ টাকার করোনা মোকাবেলায় একটি প্রকল্প বাস্তবায়ন করতে হবে। অবকাঠামো উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য ১) উপজেলা পরিষদের কমিটি, ২) ইউডিসিসি, ৩) উপজেলায় সরকারী দপ্তর বেসরকারী দপ্তর/ প্রতিষ্ঠান/স্কুল ইত্যাদি এবং ৪) নির্বাচিত জন প্রতিনিধি, উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে সাধারণ জনগন। উপরোক্ত যে কোন উৎস থেকে প্রাপ্ত উপ-প্রকল্প প্রস্তাবনা উপজেলা প্রকল্প বাছাই কমিটিতে উপস্থাপন করতে হবে। | | ইউপি চেয়ারম্যানগণ |
| ৪. | উপজেলা পরিষদের ১৪২৮ সনের হাটবাজার ইজারা অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদের ১৪২৮ সনের হাট বাজার ৩৩টি হাট বাজার ইজারা প্রদানের লক্ষ্যে ইজারা বিজ্ঞপ্তি প্রকাশ করা হয় এবং উপজেলার সর্বত্র মাইকিং করে প্রচার করা হয়। ৩৩টি হাটের মধ্যে প্রথম পর্যায়ে ১৮টি হাট বাজার এবং ২য় পর্যায়ে ৩টি হাট বাজার বিধি মোতাবেক ইজারা প্রদান করা হয়েছে (তালিকা সংযুক্ত)। বাকী হাটগুলি বিধি মোতাবেক দ্রুত ইজারা প্রদান করা হবে। হাটবাজার ইজারা প্রদাানের অনুমোদনের জন্য সকলের দৃষ্টি আর্কষন করেন।<br>**সিদ্ধান্ত** ঃ সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা শেষে মোট ২১ টি হাটের অনুমোদন গৃহিত হলো। | | |
| ৫. | উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের উন্নয়নমূলক কাজের আলোচনা | **উপজেলা প্রকৌশলীর দপ্তর ঃ** উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মহোদয়ের শ্যামনগর উপজেলার আগমন উপলক্ষে ঈশ্বরীপুর কালী মন্দিরের আশপাশে যে সকল ইট দিয়ে কাজ করা হয়েছে। মন্দির কমিটির সাথে সমন্বয় করে স্থানীয় ইউনিয়ন পরিষদের সাথে আলোচনা করে বর্নিত ইট দিয়ে সংশ্লিষ্ট মন্দিরের উন্নয়নমূলক কাজ করা হবে এবং ৪টি হেলিপ্যাড নির্মানের জন্য যে ইট ব্যবহার করা হয়েছিল সে ইটগুলি ইজারার মাধ্যমে বিক্রয় করে সরকারী কোষাগারে জমা প্রদান করা হবে মর্মে সভাকে অবহিত করেন।<br>১. উপজেলা নির্বাহী অফিসার বলেন গোডাউন মোড় হতে নূরনগর সড়কের বেহাল দশা। জরুরী ভিত্তিতে মেরামতের জন্য উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আর্কষন করেন।<br>২. চেয়ারম্যান, ঈশ্বরীপুর ইউপি বলেন যে, রমজাননগর-ঈশ্বরীপুর ইউপি-হরিননগর মক্তব সড়কের কাজ দ্রুত শেষ করতে উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আর্কষন করেন। | উপজেলা প্রকৌশলীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা কৃষি অফিস ঃ** উপজেলা কৃষি অফিসার সভায় বলেন তার দপ্তরে সকল কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম আরও বেগবান করতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা মৎস্য অফিস ঃ** চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় বলেন যে সকল ঘের মালিকগণ সরকারী নিয়মনীতি উপেক্ষা করে ঘের পরিচালনা করছে তাদের একটি তালিকা করার জন্য উপজেলা সিনিয়র উপজেলা মৎস্য অফিসারকে অনুরোধ করেন।<br>৩. চেয়ারম্যান, ঈশ্বরীপুর ইউপি বলেন যে, করোনাকালীন সময়ে যে সকল ব্যক্তি মৎস্য প্রণোদনা পেয়েছে তাদের তালিকা মৎস্য দপ্তরে চেয়েও অদ্যবধি পাওয়া যায়নি।<br>৪. চেয়ারম্যান, মুন্সীগঞ্জ ইউপি এবং শ্যামনগর সদর ইউপির প্রতিনিধি বলেন যে, মৎস্য প্রণোদনা তালিকা তৈরীতে মৎস্য দপ্তর সীমাহীন দূর্নিতি করেছে। প্রকৃত মৎস্যজীবিদের বাদ রেখে সচ্চল ব্যক্তিদের তালিকায় | ১. আগামী সভার পূর্বে যে সকল চিংড়ী চাষী নীতিমালা উপেক্ষা করে ঘের পরিচালনা করছে তাদের তালিকা সরবরাহের জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দৃষ্টি আর্কষন করেন।<br>২. করোনাকালীন সময়ে প্রণোদনা প্রাপ্তি মৎস্যজীবিদের তালিকা সরবরারেহ জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | অর্ন্তভূক্ত করা হয়েছে। এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আকর্ষন করেন। | | |
| | | **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা ঃ** উপস্থিত কর্মকর্তা বলেন তার দপ্তরের সকল কাজ সুষ্ঠভাবে চলছে।<br>**২.** ভাইস চেয়ারম্যান (পুরুষ) সভায় বলেন যে, পূর্বের যে কোন সময়ের চেয়ে শ্যামনগর সদর হাসপাতালের পরিবেশ খুব খারাপ এবং অস্বাস্থ্যকর অবস্থায় আছে। হাসপাতালের প্রবেশদ্বারে নোংরা, আবর্জনা থাকে। হাসপাতালের অভ্যন্তরে ভীষন দূর্গন্ধ আর নোংরা পরিবেশ। প্রসূতি বিভাগের স্বাস্থ্যসেবা এবং নার্সদের খারাপ ব্যবহার নিয়ে প্রায় অভিযোগ পাওয়া যায়। এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আর্কষন করেন। | উল্লেখিত সমস্যা সমাধান পূর্বক আগামী মাসিক সভায় এবিষয়ে একটি প্রতিবেদন দাখিলের জন্য উঃস্বাঃপঃপঃ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা পরিবার পরিকল্পনা অফিস :** উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, তার দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা প্রাণীসম্পদ অফিস ঃ** উপজেলা প্রাণীসম্পদ অফিসার বলেন যে, তার দপ্তরের কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা দূর্যোগ ব্যবস্থাপনা বিভাগ ঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় বলেন যে, বিভিন্ন প্রকল্পের কাজ চলমান আছে। নিয়মিত কাজ তদারকি করা হচ্ছে। কাজের গুনগম মান সঠিক রাখার জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করেন। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ঃ** মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় বলেন যে, গত ৩০ মার্চ ২০২১ খ্রিঃ তারিখ সকল শিক্ষা প্রতিষ্ঠান খোলার সিদ্ধান্ত ছিল। কিন্তু করোনার প্রকোপ বেড়ে যাওয়ায় আগামী ২২মে পর্যন্ত শিক্ষা প্রতিষ্ঠান পুনরায় বন্ধ ঘোষনা করা হয়েছে। | সরকারী সিদ্ধান্ত মেনে চলার জন্য বলা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস ঃ** উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় বলেন যে, গত ৩০ মার্চ ২০২১ খ্রিঃ তারিখ সকল শিক্ষা প্রতিষ্ঠান খোলার সিদ্ধান্ত ছিল। কিন্তু করোনার প্রকোপ বেড়ে যাওয়ায় আগামী ২২মে পর্যন্ত শিক্ষা প্রতিষ্ঠান পুনরায় বন্ধ ঘোষনা করা | সরকারী সিদ্ধান্ত মেনে চলার জন্য বলা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা সমাজসেবা অফিস ঃ** উপজেলা সমাজসেবা অফিসার বলেন যে, ব্যাংক এশিয়ার মাধ্যমে সকল ভাতাভোগীর টাকা প্রদান করা হচ্ছে। সার্ভার জনিত কারনে মাঝে মধ্যে একটু সমস্যা হয়। | কার্যক্রম আরও গতিশীল করার জন্য বলা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা যুব উন্নয়ন অফিস ঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বলেন যে, বিভিন্ন প্রশিক্ষন কার্যক্রম চলমান আছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপস্থিত কর্মকর্তাকে অনুরোধ করা হয় | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অফিস ঃ** দপ্তরের কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপস্থিত কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | |
| | | **উপজেলা মহিলা বিষয়ক অফিস ঃ** নতুন মাতৃত্বভাতা তালিকা প্রদানের জন্য ইউনিয়ন পরিষদ হতে রেজুলেশনের মাধ্যমে উপকারভোগীর নাম প্রেরনের জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করেন। চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন যে কোন ভাতার তালিকা প্রস্তুতের ক্ষেত্রে যথাযথ নিয়মনীতি মেনে তালিকা করার জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করেন। | ১. ইউপি চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষন করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা সামাজিক বনবিভাগ অফিস ঃ** দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | গতিশীল কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | বন বিভাগ |
| | | **পানি উন্নয়ন বোর্ড :** সভায় পানি উন্নয়ন বোর্ডের উপস্থিত কর্মকর্তা বলেন উপজেলার বিভিন্ন স্থানে বাঁধ মেরামতের কার্যক্রম চলমান আছে। কাজ নিয়মিত তদারকি করা হচ্ছে। ঝুকিপূর্ন্ন এলাকা চিহ্নিত করা হয়েছে। | | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা পরিসংখ্যান অফিস ঃ** উপজেলা পরিসংখ্যান অফিসার সভায় অবহিত করেন গত ২৭ ফেব্রুয়ারী ২০২১ খ্রিঃ তারিখ দেশে প্রথমবারের মতো জাতীয় পরিসংখ্যান দিবস পালন করা হয়েছে। | | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা পল্লী উন্নয়ন অফিস ঃ** উপজেলা পল্লী উন্নয়ন অফিসার বলেন যে, তার দপ্তরের সকল কাজ সুষ্ঠভাবে চলছে। চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় বলেন উপজেলা পরিষদের অভ্যন্তরে দলিল লেখকদের কাছ থেকে উপজেলা পল্লী উন্নয়ন অফিস কোন বিধি মোতাবেক ভাড়া নেয়, এবিষয়ে উপজেলা পল্লী উন্নয়ন অফিসারকে আগামী সভায় বিস্তারিত জানাতে অনুরোধ করেন। | আগামী সভায় বিস্তারিত তথ্য জানাতে উপজেলা পল্লী উন্নয়ন অফিসারের দৃষ্টি আকর্ষন করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা আনসার ভিডিপি অফিস ঃ** উপস্থিত কর্মকর্তা বলেন যে, সরকারী বিভিন্ন অনুষ্ঠানসহ জাতীয় প্রোগ্রামে আনসারা নিয়মিত সেবা প্রদান করে থাকেন। উপজেলা আনসার ভিডিপি কোন স্থায়ী অফিস কক্ষ নেই। দাপ্তরিক কার্যক্রম পরিচালনায় সমস্যা সৃষ্টি হচ্ছে। অফিস বরাদ্দের জন্য অনুরোধ করেন। | উপজেলা প্রকৌশলীকে অফিস বরাদ্দের বিষয়ে প্রয়েজনীয় ব্যবস্থা গ্রহন করতে অনুরোধ করা হয়। | |

### বিবিধ আলোচনা

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্যামনগর সভায় বলেন যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী এবং স্বাধীনতার সূবর্ণ জয়ন্তী উপলক্ষে ভারতের মাননীয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গত ২৬-২৭ মার্চ ২দিনের রাষ্ট্রীয় সফরে বাংলাদেশে আসেন। গত ২৭ মার্চ ২০২১ খ্রিঃ তারিখ সাতক্ষীরা জেলার শ্যামনগর উপজেলার ঈশ্বরীপুর যশোরেশ্বরী কালী মন্দির পরিদর্শনে আসেন। ভারতের প্রধানমন্ত্রীর শ্যামনগর উপজেলায় আগমন উপলক্ষে বাংলাদেশ সরকারের বিভিন্ন সংস্থা থেকে শুরু করে স্থানীয় জনপ্রতিনিধি নিরলসভাবে পরিশ্রম করেছেন। ভারতের প্রধানমন্ত্রীর শ্যামনগর উপজেলা সফর সফলভাবে সম্পন্ন করার জন্য তিনি সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন।

০২। উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান এবং উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সরকারী উন্নয়নমূলক কাজ পরিদর্শন, সরকারী বেসরকারী বিভিন্ন সভা সমাবেশে অংশগ্রহন এবং মতবিনিময় সভায় অংশগ্রহন করে থাকেন এবং এজন্য সরকারী নিয়ম মোতাবেক দৈনিকভাতা প্রাপ্ত হয়ে থাকেন। উপজেলা চেয়ারম্যান ২০২১খ্রিঃ'র মার্চ মাস ১৪ দিন, ভাইস চেয়ারম্যানদ্বয় (১০ দিন+১০দিন) ২০ দিনের ভ্রমন বৃত্তান্ত এবং ২০২১খ্রিঃ'র মে মাসের সম্ভাব্য ভ্রমনসূচী দাখিল করেছেন যা উপজেলা পরিষদ মাসিক সভায় অনুমোদন প্রয়োজন। তিনি এ বিষয়ে উপস্থিত সবার মতামত আহবান করেন।

**সিদ্ধান্ত** ঃ এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে ২০২১খ্রিঃ'র মার্চ মাসের উপজেলা পরিষদের চেয়ারম্যান এবং ভাইস চেয়ারম্যানদ্বয়ের ভ্রমন বৃত্তান্ত অনুমোদন গৃহিত হলো। উপজেলা চেয়ারম্যান ১৪ দিনের ৬২৫/- টাকা হারে ৮৭৫০/- টাকা এবং ভাইস চেয়ারম্যানদ্বয়ের ২০ দিনের ৫০০ টাকা হারে ১০,০০০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে মিটানোর জন্য সর্ব্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়।

অতঃপর সভাপতি উপস্থিত সকল সদস্যকে **শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে** সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(এস.এম.আতাউল হক)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শ্যামনগর, সাতক্ষীরা
upazilaporishad.shyam@gmail.com

স্মারক নং- ০৫.১৫.৮৭৮৬.০০৬.০২.০০৯.১৬- **৪৫** (৫০) তারিখ ঃ ৩০.০৫.২০২১ খ্রিঃ।

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ**

০১। জনাব এস.এম জগলুল হায়দার, মাননীয় সংসদ সদস্য, সাতক্ষীরা-০৪।

০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। বিভাগীয় কমিশনার, খুলনা।

০৪। জেলা প্রশাসক, সাতক্ষীরা।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ**

০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্যামনগর, সাতক্ষীরা।

০৬। ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, শ্যামনগর, সাতক্ষীরা।

০৭। উপজেলা ....................................................অফিসার,শ্যামনগর।

০৮। চেয়ারম্যান,.........................................ইউ,পি(সকল),শ্যামনগর।

০৯। জনাব ..............................................................................

১০। অফিস কপি।

(আ. ন. ম. আবুজর গিফারী)
উপজেলা নির্বাহী অফিসার
শ্যামনগর, সাতক্ষীরা
ফোন -০৪৭২৬-৪৪০০৪
unoshyamnagar14@gmail.com